

## সারসংক্ষেপ (ABSTRACT)

এই গবেষণাটি “পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ জেলার সরকারী প্রকল্পের ভিত্তিতে নারীর শিক্ষা, ক্ষমতায়ণ ও আর্থ-সামাজিক অবস্থা” বিষয়ের উপর একটি বিশ্লেষণাত্মক ও তুলনামূলক গবেষণা। নারীর শিক্ষা ও ক্ষমতায়ণের মধ্যকার সম্পর্ক এবং সরকার কর্তৃক পরিচালিত বিভিন্ন প্রকল্প—বিশেষত কন্যাশ্রী, রূপশ্রী, স্বনির্ভর গোষ্ঠী (SHG) এবং শিক্ষাবৃত্তি ভিত্তিক উদ্যোগগুলি—এই জেলার নারী সমাজের উপর কী প্রভাব ফেলেছে তা বিশ্লেষণ করা হয়েছে।

গবেষণার মূল উদ্দেশ্য ছিল এই প্রকল্পসমূহ নারীদের শিক্ষাগত অগ্রগতি, অর্থনৈতিক স্বাধীনতা, সামাজিক স্বীকৃতি এবং সিদ্ধান্ত গ্রহণে সক্ষমতা বৃদ্ধিতে কতটা কার্যকর হয়েছে তা নির্ধারণ করা। গবেষণার আওতাভুক্ত ছিল ৪০০ জন নারী—যার মধ্যে শিক্ষার্থী, স্বনির্ভর গোষ্ঠীর সদস্য, প্রকল্প সুবিধাভোগী এবং প্রশাসনিক পর্যায়ের প্রতিনিধি অন্তর্ভুক্ত ছিলেন। তথ্য সংগ্রহের জন্য ব্যবহার করা হয়েছে জরিপ পদ্ধতি, প্রশ্নাবলী ও পর্যবেক্ষণ পদ্ধতি। এছাড়াও পরিসংখ্যানিক বিশ্লেষণ ও তুলনামূলক বারগ্রাফ ও টেবিল ব্যবহার করে তথ্যের ব্যাখ্যা প্রদান করা হয়েছে।

গবেষণায় দেখা গেছে, লালগোলা (গ্রামীণ) এবং বহরমপুর (শহর) —এই দুই অঞ্চলের নারীদের শিক্ষার হার ও ক্ষমতায়ণের মাত্রায় প্রকট পার্থক্য রয়েছে। শহরাঞ্চলে প্রকল্পগুলোর সচেতনতা ও বাস্তবায়ন তুলনামূলকভাবে বেশি কার্যকর হলেও গ্রামীণ অঞ্চলে এখনও অনেক চ্যালেঞ্জ বিরাজমান—যেমন বাল্যবিবাহ, অনগ্রসর মানসিকতা, প্রযুক্তিগত অজ্ঞতা এবং অর্থনৈতিক দুর্বলতা।

এই গবেষণার মাধ্যমে সুপারিশ করা হয়েছে যে, প্রকল্পগুলোর আরও কার্যকর প্রচার, সচেতনতামূলক কর্মসূচি, প্রশিক্ষণভিত্তিক সহায়তা এবং স্থানীয় নেতৃত্বের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে নারী ক্ষমতায়ণের প্রকৃত লক্ষ্যে পৌঁছানো সম্ভব। পাশাপাশি, প্রযুক্তি নির্ভর শিক্ষা,

ডিজিটাল সাক্ষরতা এবং বৃত্তিমূলক প্রশিক্ষণের মাধ্যমে নারীদের আত্মনির্ভরশীল করে তোলা  
সময়ের দাবি।

মূল শব্দ: নারী শিক্ষা, ক্ষমতায়ন, সরকারি প্রকল্প, মুর্শিদাবাদ, কন্যাশ্রী, রূপশ্রী, আর্থ-সামাজিক  
অবস্থা, লালগোলা, বহরমপুর।